## AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 23.04.2024 Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) এসএসসি নিয়োগ দুর্নীতি মামলায় কলকাতা হাইকোর্টের বিশেষ ডিভিশন বেঞ্চ ২০১৬-র গোটা প্যানেল বাতিল করে দেওয়ায় ২৫ হাজার ৭৫৩ জন শিক্ষক ও শিক্ষাকর্মী চাকরী হারিয়েছেন।

সুপার নিউমেরিক পোস্টের তদন্ত সিবিআইকে চালিয়ে যাওয়ার নির্দেশ দিয়েছে আদালত।

২) হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টে যাওয়ার সিদ্ধান্ত এস এস সি-র।

৩) দ্বিতীয় দফা লোকসভা নির্বাচনের প্রচারাভিযান আগামীকাল বিকেলে শেষ হচ্ছে।

৪) রাজ্যপাল সি ভি আনন্দ বোস, অধ্যাপক ভাস্কর গুপ্তকে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য্য হিসাবে নিযুক্ত করেছেন।

৫) কলকাতা সহ দক্ষিণবঙ্গে আগামীকাল থেকে তাপমাত্রা ফের এক থেকে দু ডিগ্রি বাড়বে বলে আবহাওয়া দপ্তর পূর্বাভাস দিয়েছে।

৬) মোহনবাগান সুপারজায়ান্ট আজ আইএসএল এর প্রথম সেমিফাইনালে ওড়িশা এফসির বিরুদ্ধে খেলবে।

---

এসএসসি নিয়োগ দুর্নীতি মামলায় কলকাতা হাইকোর্টের বিশেষ ডিভিশন বেঞ্চ ২০১৬-র গোটা প্যানেল বাতিল করে দেওয়ায় ২৫ হাজার ৭৫৩ জন শিক্ষক ও শিক্ষাকর্মী চাকরী হারিয়েছেন। বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি মহম্মদ শব্বর রশিদির বেঞ্চ গতকাল নির্দেশ দিয়েছেন, বেআইনীভাবে যারা নিযুক্ত হয়েছেন, চার সপ্তাহের মধ্যে তাদের সুদ সমেত বেতন ফেরত দিতে হবে। সুদের হার হবে বছরে ১২ শতাংশ। নির্দেশ কার্যকর হয়েছে কিনা, সংশ্লিষ্ট জেলা পরিদর্শকরা, তা জেলাশাসকদের জানাবেন। নতুন এজেন্সিকে দিয়ে ২০১৬-র নিয়োগ পরীক্ষায় ২৩ লক্ষের মত উত্তরপত্র বা ওএমআর শিটের পুনর্মূল্যায়নেরও নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, স্কুল সার্ভিস কমিশনের নবম, দশম ও একাদশ, দ্বাদশ শ্রেণীর শিক্ষক এবং গ্রুপ সি ও ডি-র শিক্ষাকর্মী নিয়োগে ব্যাপক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ সংক্রান্ত একগুচ্ছ মামলার শুনানি, হাইকোর্টকে ৬ মাসের মধ্যে শেষ করতে বলেছিল সুপ্রিম কোর্ট। প্রায় ৩-শো পাতার রায়ে বলা হয়েছে, সিবিআই সুপার নিউমেরিক পোস্টের তদন্ত চালিয়ে যাবে। এই পদে নিয়োগ ক্যাবিনেটের সিদ্ধান্ত। ফলে যাদের সম্মতিতে এই অতিরিক্ত পদ তৈরি করা হয়েছে। প্রয়োজনে তাদেরও ডাকতে পারবে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। মন্ত্রিসভার সিদ্ধান্ত হওয়ায় রাজ্য প্রশাসনের শীর্ষ কর্তাদের তলব করা হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

--------------------------------

এদিকে, সোমা দাস নামে ক্যান্সার আক্রান্ত এক শিক্ষিকার চাকরী, মানবিক কারণে বাতিল করেনি বেঞ্চ।

একই সঙ্গে লিটিগেশন করে চাকরি পাওয়া অনামিকা রায় ও প্রিয়াঙ্কা সাউ-এর চাকরি বাতিল হয়েছে। তবে, তাদের বেতনের অর্থ ফেরত দিতে হবে না।

হাইকোর্টের নির্দেশে রাজ্য শিক্ষা দফতরের প্রাক্তন প্রতিমন্ত্রী পরেশ অধিকারীর মেয়ে অঙ্কিতার চাকরি পান ববিতা সরকার। কিন্তু তার চাকরিও স্থায়ী হয়নি। তার বদলে চাকরি পান অনামিকা রায়। একইভাবে হাইকোর্টের নির্দেশেই দীর্ঘ আইনী লড়াইয়ের পর চাকরি পেয়েছিলেন প্রিয়াঙ্কা সাউ। আদালতের রায়ে তাদের চাকরিও বাতিল হয়েছে।

-------------------------------

কলকাতা হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে স্কুল সার্ভিস কমিশন সুপ্রিম কোর্টে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এই রায়ে অসন্তোষ প্রকাশ করে কমিশনের চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার, ৫ হাজার জনের বিরুদ্ধে অবৈধভাবে নিয়োগের অভিযোগ থাকলে ২৫ হাজার জনের চাকরি কেন বাতিল করা হবে তা নিয়ে প্রশ্ন তুলেছেন।

এদিকে, মধ্যশিক্ষা পর্ষদ জানিয়েছে, রাজ্যের সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়গুলিতে পঠন পাঠনে যেন কোন প্রভাব না পড়ে তার উপরে নজর রাখবে। পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায় বলেন, গোটা বিষয়টি যথাযথভাবে বিবেচনা করা হচ্ছে।

বাইট

-------------------------------

রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু এই রায়ে যোগ্য প্রার্থীদেরও চাকরি চলে যাওয়ার সমালোচনা করেছেন। গতকাল সাংবাদিকদের তিনি জানান, বিনা কারণে যারা চাকরি হারাতে চলেছেন, রাজ্য সরকার তাদের পাশে রয়েছে।

বাইট

বিজেপি আদালতের রায়ে চাকরি বাতিলের ঘটনায় অবিলম্বে মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবি জানিয়েছে। দলের রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য বলেন, প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় ও তার সহযোগীদের দুর্নীতি এই পরিস্থিতির জন্য শুধুমাত্র দায়ী নয়, মুখ্যমন্ত্রীকেও এর দায় নিতে হবে।

বাইট

রায় প্রকাশের পর আইনজীবী প্রাক্তন সিপিআইএম সাংসদ বিকাশ রঞ্জন ভট্টাচার্য্য বলেন, দুর্নীতিগ্রস্ত প্রশাসকদের মুখোশ খুলে দিয়েছে আদলতের এই রায়।

বাইট

-------------------------------

রাজ্যে দ্বিতীয় পর্যায়ের ভোটের প্রচারাভিযান আগামীকাল বিকেলে শেষ হচ্ছে। এই দফায় মোট ২৯৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী থাকবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। বাকিদের স্ট্রং রুম এবং ভোটারদের নিরাপত্তা ও ভোট পরবর্তী হিংসা দমনের কাজে ব্যবহার করা হবে। ভোটের দিন কোনো গণ্ডগোল হলে চটজলদি ব্যবস্থা গ্রহণ এর জন্য থাকবে ২৭০কোম্পানি কুইক রেসপন্স টিম। এ ছাড়াও থাকবে ১০ হাজারের বেশি রাজ্য পুলিশ।

অন্যদিকে, প্রথম দফার নির্বাচনে ওয়েব কাস্টিং ও কৃত্রিম বুদ্ধিমত্তা পর্যালোচনা করে বেশ কিছু অভিযোগ এসেছে। সেই অভিযোগ গুলি খতিয়ে দেখা হচ্ছে বলে নির্বাচন আধিকারিকের দপ্তর থেকে জানা গেছে। প্রয়োজনে অভিযুক্তদের বিরুদ্ধে শাস্তি মূলক ব্যবস্থা নেওয়া হবে।

নির্বাচন কমিশন তৃতীয় দফার ভোটে রাজ্যের জন্যে দুজন পুলিশ পর্যবেক্ষক নিয়োগ করেছে। মালদা উত্তর ও দক্ষিন কেন্দ্রের জন্যে আইপিএস চিরুভলু শ্রীকান্ত এবং জঙ্গীপুর ও মুর্শিদাবাদ কেন্দ্রের জন্যে সন্দীপ টি পাতিল কে নিয়োগ করা হয়েছে। এছাড়াও এই দফায় সাধারণ ও ব্যয় পর্যবেক্ষক থাকছেন পাঁচজন করে। এর মধ্যে মালদা দক্ষিন কেন্দ্রের জন্যে দুই জন সাধারন পর্যবেক্ষক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে কমিশন।

------------------------------

লোকসভা ভোটের আবহে রাজ্যে জমে উঠেছে প্রচারাভিযান। প্রবীণ বিজেপি নেতা স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ ভোটপ্রচারে আজ উত্তরবঙ্গে আসছেন। একাধিক কর্মসূচী রয়েছে তাঁর। প্রথমেই মালদা দক্ষিণ লোকসভা কেন্দ্রের দলীয় প্রার্থীর সমর্থনে শ্রী শাহ রোড শো করবেন। এরপর রায়গঞ্জে তাঁর একটি জনসভা করার কথা।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ পূর্ব বর্ধমানের ভাতারে নির্বাচনী জনসভা করবেন।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ও আজ ভোটপ্রচারে উত্তরবঙ্গে থাকবেন। দার্জিলিং লোকসভা কেন্দ্রে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভায় ভাষণ দেবেন তিনি। পরে কালিয়াচকে একটি জনসভায় অভিষেকের অংশ নেওয়ার কথা।

------------------------------

রাজ্যপাল সি ভি আনন্দ বোস, অধ্যাপক ভাস্কর গুপ্তকে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য্য হিসাবে নিযুক্ত করেছেন। রাজ্যের উচ্চ শিক্ষা দপ্তরের সুপারিশ মেনেই রাজ্যপাল এই নিয়োগে সম্মতি দিয়েছেন। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু, তাঁর এক্স হ্যান্ডেলে রাজ্যপালকে সাধুবাদ জানিয়ে বলেছেন, অন্যান্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগের

ক্ষেত্রেও সরকারের সুপারিশ মেনে নেওয়া হবে বলে তিনি আশাবাদী। নববনিযুক্ত উপাচার্যকে শিক্ষামন্ত্রী অভিনন্দন জানান।

------------------------------

তীব্র তাপপ্রবাহে পুড়ছে গোটা দক্ষিণবঙ্গ। উত্তর পশ্চিম দিক থেকে আসা শুষ্ক গরম বাতাসের ফলে আগামী শুক্রবার পর্যন্ত পরিস্থিতির তেমন হেরফের হওয়ার সম্ভাবনা নেই। আজ কয়েকটি জেলায় হালকা ঝড় বৃষ্টির পূর্বাভাস থাকলেও আগামীকাল থেকে তাপমাত্রা আরো বাড়ার সম্ভবনা রয়েছে। শুক্রবার পর্যন্ত দক্ষিণবঙ্গের সমস্ত জেলায় তীব্র তাপপ্রবাহের কমলা সতর্কতা জারি করেছে আবহাওয়া দফতর।

আবহবিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন –

বাইট

আজ সকালে কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৭ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের থেকে দু ডিগ্রী বেশী। গতকাল সর্বোচ্চ তাপমাত্রাও ছিল স্বাভাবিকের তিন ডিগ্রি ওপরে।

তীব্র গরমে সংশোধনাগারের আবাসিকদের সুস্থ রাখতে রাজ্যের কারা দফতর বিশেষ ব্যবস্থা নিয়েছে। প্রেসিডেন্সি,হাওড়া, দমদম সহ রাজ্যের বেশ কয়েকটি সংশোধনাগারে আবাসিকদের জন্য খাবারের মেনুতে পরিবর্তন করা হয়েছে। রাজ্যের ডিআইজি কারা দেবাশিস চক্রবর্তী বলেছেন, আবহাওয়ার কথা বিবেচনা করে রান্নায় বেশি তেল, মশলা দেওয়া হচ্ছে না। একেকজন আবাসিককে তাদের ডায়েট চার্ট অনুযায়ী একেকরকম খাবার দেওয়া হচ্ছে । বিশেষ গুরুত্ব আরোপ করা হচ্ছে পানীয় জল পরিশোধনের উপরেও। বিভিন্ন সেলে দীর্ঘদিনের পুরনো সিলিং ফ্যান গুলি বদলে

৩০০ টি নতুন উন্নতমানের হাই স্পিড ফ্যান বসানো হচ্ছে। অন্যদিকে সংশোধনাগারের রক্ষীদেরও নিয়মিত ওআরএস সরবরাহ করার উদ্যোগ নেওয়া হয়েছে বলে ডিআইজি কারা জানিয়েছেন।

------------------------------

ধাপার মতোই বেলঘরিয়া এক্সপ্রেসওয়ে লাগোয়া প্রমোদনগরের ডাম্পিং গ্রাউন্ডে আবর্জনার স্তুপ কমাতে বায়ো মাইনিং পদ্ধতি অবলম্বন করা হচ্ছে। আবর্জনা থেকে যাতে দুর্গন্ধ না ছড়ায়, সে জন্য সেখানে গ্রিন ফিল্ড তৈরির কাজ শুরু হয়েছে। কেএমডিএ সূত্রে খবর, প্রমোদনগরে প্রতিদিন জমা হওয়া বর্জ্য পৃথকীকরণের পরে তার একাংশ দিয়ে জৈব গ্যাস তৈরি হবে। এছাড়া জমা বর্জ্যকে কাজে লাগিয়ে নানা দ্রব্য সামগ্রী তৈরির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সেই সঙ্গে ধাপার মতোই বায়ো মাইনিং পদ্ধতিতে গ্রিন ফিল্ড বা জঞ্জালের স্তূপের উপর কৃত্রিম সবুজ ঘাস বসানোর কাজ শুরু হয়েছে। কেএমডিএ, প্রকল্প রূপায়ণে রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের কাছ থেকেও সাহায্য নিচ্ছে।

------------------------------

নানা ধর্মীয় আচার অনুষ্ঠান ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে আজ হনুমান জয়ন্তী পালিত হচ্ছে। এজন্য হনুমান মন্দিরগুলি আলোর মালায় সাজিয়ে তোলা হয়েছে। চৈত্র পূর্ণিমা তিথিতে পালিত হনুমান জয়ন্তী উপলক্ষ্যে কলকাতা সহ রাজ্যের নানাস্থানে বর্ণাঢ্য শোভাযাত্রারও আয়োজন করা হয়েছে। চলছে পুজোপাঠ।

------------------------------

মোহনবাগান সুপার জায়ান্ট আজ আইএসএলের প্রথম সেমিফাইনালে ওড়িশা এফসি, র বিরূদ্ধে খেলবে। ভুবনেশ্বরের কলিঙ্গ ষ্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে

সাতটায়। দ্বিতীয় পর্বের সেমিফাইনালটি হবে ২৮ শে এপ্রিল যুবভারতী ক্রীড়াঙ্গনে। এবারের আইএসএলে লিগ পর্যায়ে দুবার খেলা অমীমাংসিত ছিল।লিগ শিল্ড জয়ী মোহনবাগানের সামনে আইএসএল ট্রফি জিতে ডাবল করার সুযোগ।

অন্যদিকে আগামীকাল গোয়ায় দ্বিতীয় সেমিফাইনালে প্রথম পর্বের ম্যাচে মুম্বাই সিটি এফ সি, চেন্নাইয়িন এফ সি,r মোকাবিলা করবে। দ্বিতীয় পর্বের সেমিফাইনাল মুম্বাই এ হবে ২৯ শে এপ্রিল। ফাইনাল ৪ ঠা মে।

------------------------------ ------------------------------